

# ■■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৫৪০

৫২/ विভिन्न প্রকার পানীয় [ও তার विধান] (کتاب الأشرية)

পরিচ্ছেদঃ ২. মদ হারাম হওয়ার পর যে পানীয় ফেলে দেয়া হয়, তার বর্ণনা

ذِكْرُ الشَّرَابِ الَّذِي أُهَرِيقَ بِتَحْرِيمِ الْخَمْرِ

### আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ قَالَ أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ يَعْنِي ابْنَ الْمُبَارِكِ عَنْ سُلَيْمَانَ التَّيْمِيِّ أَنَّ أَنسَ بْنَ مَالِكِ أَخْبَرَهُمْ قَالَ بَيْنَا أَنَا قَائِمٌ عَلَى الْحَيِّ وَأَنَا أَصْغَرُهُمْ سِنَّا عَلَى عُمُومَتِي إِذْ جَاءَ رَجُلُ فَقَالَ إِنَّهَا قَدْ حُرِّمَتْ الْخَمْرُ وَأَنَا قَائِمٌ عَلَيْهِمْ أَسْقِيهِمْ مِنْ فَضِيخٍ لَهُمْ فَقَالُوا اكْفَأْهَا فَكَفَأْتُهَا فَقُلْتُ لِأَنسٍ مَا هُوَ قَالَ الْبُسْرُ وَالتَّمْرُ قَالَ أَبُو بَكْرِ بْنُ أَنسٍ كَانَتْ خَمْرُهُمْ يَوْمَئِذٍ فَلَمْ يُنْكِرْ أَنسُ كَانَتْ خَمْرُهُمْ يَوْمَئِذٍ فَلَمْ يُنْكِرْ أَنسُ

### বাংলা

৫৫৪০. সুওয়ায়দ ইবন নাসর (রহঃ) ... সুলায়মান তায়মী (রহঃ) থেকে বর্ণিত, আনাস ইবন মালিক (রাঃ) তাদেরকে জানিয়েছেন যে, আমি আমার চাচাদের সাথে গোত্রের মধ্যে দাঁড়ান ছিলাম। আমি ছিলাম বয়সে তাদের সর্বকনিষ্ঠ। এমন সময় এক ব্যক্তি এসে বললােঃ খামর (মদ) হারাম হয়ে গেছে। আমি তখন তাদের মাঝে দাঁড়িয়ে তাদেরকে ফাযীখ নামক পানীয় পান করাচ্ছিলাম। তারা বললেনঃ এই পাত্র উলটে দাও, তখন আমি ঐ পাত্রগুলাে উলটে দিলাম। এ সময় আমি আনাস (রাঃ)-কে জিজ্ঞাসা করলামঃ ফাযীখ কি? তিনি বললেনঃ তা শুকনাে এবং কাঁচা খেজুরের তৈরি পানীয়। আবু বকর ইবন আনাস (রহঃ) বললেন, তখন এটাই ছিল তাদের খামদের (মদ)। আনাস (রাঃ) তা শুনে আপত্তি করেননি।

### **English**

### Anas bin Malik said:

"While I was taking care of a group of people, including my paternal uncles, and I was the youngest of them, a man came and said: 'Khamr has been forbidden.' I was taking care of them, and was pouring Fadikh (date-wine) for them. They said: 'Pour it away.' So I poured it away." I (the narrator) said to Anas: "What is that?" He said: "Unripe dates and dried dates." Abu Bakr bin



Anas said: "That was their wine in those days." And Anas did not deny that.

## ফুটনোট

তাহক্বীকঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সুলাইমান আত তাইমী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন